আসপেক্ট সিরিজ-এর। রিয়েল চর্চা

মানবিক

এক মলাটেই সকল ভার্সিটির প্রশ্ন সমাধান

# ভার্সিটি সল্যুশন

## ঢাবি, জাবি, রাবি, চবি ও গুচ্ছ প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

- ঢাবি, জাবি, রাবি, চবি ও গুচ্ছ'র শুরু থেকে বর্তমান
- প্রতিটি প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্য
- অধ্যায়ভিত্তিক টাইপ অনুযায়ী প্রশ্ন সংযোজন
- বিশুদ্ধ উত্তর ও প্রাসঙ্গিক ব্যাখ্যা প্রণয়ন
- জটিল প্রশ্নের ইজি বা শর্টকাট সমাধান
- নতুন বইয়ের তথ্যানুসারে উত্তর বিশ্লেষণ

শুরু থেকে বর্তমান

জটিল প্রশ্নের সহজ সমাধান
ভার্সিটি রিয়েল চর্চার অনন্য অবদান

বিগত সালের সর্বশ্রেষ্ঠ সংকলন
ভুল নয়, সঠিক তথ্যের প্রতিফলন

দি নেটওয়ার্ক
রিসার্চ এন্ড পাবলিকেশন্স

NETWORK

আসপেক্ট সিরিজ
পাঠ্যবইকে সহজ করার প্রয়াস

১০১/এ, গ্রীণরোড, ফার্মগেট, ঢাকা।

প্রয়োজনে: মো. হোসেন আলী [০১৭১৩ ৫৪১৬১৫]
অফিস: ০১৭১৩ ২৬০৭২১-২৬

page : facebook.com/Aspectadmission

group : facebook.com/groups/aspectseries

e-mail: aspectseries@gmail.com

www.edunetworkbd.com

## প্রকাশনায়

## দি নেটওয়ার্ক রিসার্চ এন্ড পাবলিকেশন্স

**সম্পাদনায়:**

| | | |
|---|---|---|
| ইংরেজী | : | মো. রাতুল হাসান তূর্য, জোবায়ের আলম, মো. বাপ্পি হোসেন |
| বাংলা | : | মো. শামীম আলম, মো. জাহেদ হোছাইন এবং মো. আব্দুল মান্নান |
| জিকে | : | তুষার হাসান এবং জয়নাল আবেদীন ফাহিম |

**প্রকাশকাল:**

**প্রথম প্রকাশ : আগস্ট ২০০৭ সপ্তদশ সংস্করণ : আগস্ট ২০২৪**

| | | |
|---|---|---|
| **প্রকাশক** | ঃ | **অ্যাডভোকেট আলফিনা কালাম** |
| **গ্রন্থস্বত্ব** | ঃ | প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত |
| **বর্ণবিন্যাস ও প্রচ্ছদ** | ঃ | দি নেটওয়ার্ক কম্পিউটারস, ঢাকা। |
| **মূল্য** | ঃ | ৭৪০.০০ (সাতশত চল্লিশ) টাকা। |



**www.aspectseriesbd.com** ভিজিট করে সকল লাইব্রেরির নাম, ঠিকানা ও ফোন নম্বর জেনে নিন

| ভর্তি বিষয়ক যে কোন আপডেট পেতে | অনলাইনে অর্ডার করতে | সরাসরি অর্ডার করতে |
|---|---|---|
| facebook.com/aspectadmission | www.aspectseriesbd.com | 01976-466200 |

আমাদের সেবা | ঘরে বসে কুরিয়ারে বই পেতে তোমার নাম, উপজেলা, জেলা ও বইয়ের নাম, সংখ্যা লিখে **SMS** করুন এবং নির্ধারিত টাকা বিকাশ করুন: ০১৭৮১ ১১৬ ৩৫৫ (Payment) ১সেট নিলে কুরিয়ার সার্ভিস চার্জ সম্পূর্ণ ফ্রি



**সতর্কীকরণ:** প্রকাশক বা লেখকের অনুমতি ব্যতীত এই বইয়ের অংশ বিশেষ বা হুবহু নকল করে বা ফটোকপি করে ছাপানো অথবা অনলাইন ডিস্ট্রিবিউশন কপিরাইট আইনানুযায়ী দন্ডনীয় অপরাধ। এমন কাজে লিপ্ত ব্যক্তিকে আইন অনুযায়ী জেল-জরিমানা বা উভয় দন্ডে দন্ডিত করা হবে। উল্লেখ্য গবেষণা, ব্যক্তিগত লেখাপড়া ও প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে এই বিধি নিষেধ প্রযোজ্য নয়।


**যে কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ভাল করতে**
**সকল বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন সলভ করতেই হবে**

# মান বন্টন

## ২০২২-২৩ সেশন অনুযায়ী বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন

### ঢাবি 'খ' ইউনিট বিষয়ভিত্তিক মানবন্টণ

| | |
|---|---|
| MCQ-60 | বাংলা=(১৫×১), ইংরেজি=(১৫×১), সাধারণ জ্ঞান=(৩০×১) করে মোট ৬০ নম্বর; সময় ৪৫মিনিট |
| Written-40 | বাংলা=(২০), ইংরেজি=(২০) করে মোট ৪০ নম্বর; সময় ৪৫মিনিট |

### রাবি 'A' ইউনিট বিষয়ভিত্তিক মানবন্টন

**MCQ** বাংলা=(২৮×১.২৫), ইংরেজি=(২৮×১.২৫), সাধারণ জ্ঞান=(২৪×১.২৫) করে মোট ১০০ নম্বর; সময় ৬০মিনিট

### জাবি 'B, C & C-1' ইউনিট বিষয়ভিত্তিক মানবন্টন

| | |
|---|---|
| B- Unit: | বাংলা=(২৫×১), ইংরেজি=(২৫×১), সাধারণ গণিত=(৫×১), সাম্প্রতিক ও আইকিউ=(২৫×১) |
| C- Unit: | বাংলা=(১৫×১), ইংরেজি=(১৫×১), সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়= (৫০×১) |
| C-1 Unit: | বাংলা=(১০×১), ইংরেজি=(১০×১), সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়= (৬০×১) |

মোট ৮০ নম্বর [MCQ] সময়: ৫৫ মিনিট

### চবি 'B & D' ইউনিট বিষয়ভিত্তিক মানবন্টন

| | |
|---|---|
| MCQ | বাংলা=(৩০×১), ইংরেজি=(৩০×১), সাধারণ জ্ঞান=(৪০×১) |
| MCQ | বাংলা=(৩০), ইংরেজি=(৩০), বিশ্লেষণ দক্ষতা=(২০), সাধারণ জ্ঞান/গণিত/অর্থনীতি=(২০) |

মোট ১০০ নম্বর [MCQ] সময়: ১ ঘন্টা

### গুচ্ছ বিশ্ববিদ্যালয় [মানবিক] বিষয়ভিত্তিক মানবন্টন

**MCQ** বাংলা=(৩৫×১), ইংরেজি=(৩৫×১), সাধারণ জ্ঞান=(৩০×১) করে মোট ১০০ নম্বর; সময় ৬০ মিনিট

আসপেক্ট সিরিজের বই একসেট, নিজেকে রাখো আপডেট

# সূচিপত্র

| নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|

## SECTION-A: সাম্প্রতিক প্রশ্ন বিশ্লেষণ ও সমাধান (২০২৩-২৪)


| | | |
|---|---|---|
| 01 | ঢাকা বিশ্ববিদ্যালয় (B-Unit) ২০২৩-২৪ | 02-08 |
| 02 | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B-Unit) ২০২৩-২৪ | 09-15 |
| 03 | রাজশাহী বিশ্ববিদ্যালয় (A-Unit) ২০২৩-২৪ | 16-26 |
| 04 | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (B-Unit) ২০২৩-২৪ | 27-35 |
| 05 | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (D-Unit) ২০২৩-২৪ | 36-46 |
| 06 | গুচ্ছ অধিভুক্ত বিশ্ববিদ্যালয় (B-Unit) ২০২৩-২৪ | 47-55 |


## SECTION-B: অধ্যায়ভিত্তিক টপিক অনুযায়ী বিগত সালের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান


| | |
|---|---|
| ইংরেজি | 56-254 |
| বাংলা | 255-450 |
| সাধারণ জ্ঞান | 451-692 |


## বিগত প্রশ্ন, ব্যাখ্যাসহ সমাধান ও প্যারালাল তথ্য

| UNIVERSITY | TOTAL QUESTION | UNIVERSITY | TOTAL QUESTION |
|---|---|---|---|
| DU (B) | 23 Years | CU (B) | 13 Years |
| DU (D) | 22 Years | CU (D) | 10 Years |
| JU (B) | 10 Years | GST ভুক্ত অন্যান্য বিশ্ব. | 10 Years |
| JU (C) | 11 Years | GST | 03 Years |
| RU | 11 Years | ঢাবি অধি. কলেজ | 04 Years |


- ভর্তির গাইডলাইন
- ভর্তির তথ্যকণিকা
- বইয়ের কনটেন্ট ও প্রাপ্তিস্থান

ভর্তি বিষয়ক পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য ভিজিট করো
www.aspectseriesbd.com

SCAN ME

যুক্ত থাক আসপেক্ট সিরিজের সাথে
page facebook.com/aspectadmission
Group: ASPECT-Admission Solution

**10. 'বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি'-এখানে 'কতটুকু' কোন পদ?**

A. সর্বনাম B. বিশেষণ
C. ক্রিয়া বিশেষণ D. অনুসর্গ

**Ans C** বিশ্লেষণ যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন– মিরাজ ভালো ছেলে। এখানে ভালো হল বিশেষণ পদ।
আবার, যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন– 'বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি' এখানে 'কতটুকু' ক্রিয়া বিশেষণ পদ।

**11. যেখানে আমরা বলি 'চমৎকার' সেখানে তিনি বলেন 'চলনসই'-বাক্যটি কোন কালের?**

A. নিত্যবৃত্ত অতীত B. সাধারণ বর্তমান
C. পুরাঘটিত বর্তমান D. পুরাঘটিত ভবিষ্যৎ

**Ans B** বিশ্লেষণ যে ক্রিয়া বর্তমানে সাধারণ ভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন- সে ভাত খায়।

**12. 'নেকলেস' গল্পে উল্লিখিত 'স্যাটিন' কী?**

A. রেশমি বস্ত্র B. মিশনারি স্কুল
C. সম্মানসূচক সম্বোধন D. ফরাসি মুদ্রা

**Ans A** বিশ্লেষণ 'নেকলেস' গল্পে উল্লিখিত 'স্যাটিন' হলো- Satin। মসৃণ ও চকচকে রেশমি বস্ত্র।

**13. কোনটি শুদ্ধ নয়?**

A. মরিচিকা B. নূপুর
C. ঊষা D. ক্যালেন্ডার

**Ans A** বিশ্লেষণ মরিচিকা শব্দের শুদ্ধ বানান হলো- মরীচিকা। বাকি নূপুর, ঊষা, ক্যালেন্ডার বানানগুলো শুদ্ধ।

**14. বিপ্রকর্ষের উদাহরণ হচ্ছে-**

A. সত্য > সইত্য B. বেঞ্চ > বেঞ্চি
C. বিলাতি >বিলিতি D. তুর্ক > তুরুক

**Ans D** বিশ্লেষণ উচ্চারণের সময় শব্দের মাঝে যদি স্বরধ্বনি আসে তবে তাকে মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি বলে। যেমন- ভ্রু > ভুরু , মুক্তা > মুকুতা, তুর্ক > তুরক ইত্যাদি।

**15. কোন শব্দটিতে খাঁটি বাংলা উপসর্গ যুক্ত হয়েছে?**

A. গরমিল B. অজানা
C. বেমালুম D. আভাস

**Ans B** বিশ্লেষণ বাংলা উপসর্গ- ২১টি। যথা- অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।
সুতরাং 'অজানা' শব্দটি খাঁটি বাংলা উপসর্গ। 'অজানা' উপসর্গটি অভাব অর্থে ব্যবহৃত হয়েছে। 'গরমিল' শব্দটি আরবি উপসর্গ যোগে গঠিত। 'বেমালুম' শব্দটি ফারসি উপসর্গযোগে গঠিত এবং 'আভাস' শব্দটি তৎসম উপসর্গ যোগে গঠিত হয়েছে।

## ইংরেজি

■ **Fill in the blanks (1-5)**

**01. For myself I chose the cheapest dish on the menu —.**

A. and was that a mutton chop B. was mutton chop
C. and that was a mutton chop D. that was a mutton chop

**Ans C** বিশ্লেষণ Option-a তে conjunction এর পর verb আছে। যেটি ভুল। অপশন-B তে chose ও was একাধিক verb আছে। কিন্তু clause marker নেই। তাই এটি ভুল। অপশন D তে that হবে না। এবং অপশন 'C' তে conjunction এর পর Subject + verb আছে। সুতরাং এটি সঠিক।

**02. How many times —— you been abroad?**

A. have B. did
C. had D. were

**Ans A** বিশ্লেষণ How many times- কোনো কিছু কতবার ঘটেছে এমন নির্দেশে Present Perfect Tense হয়।

**03. How does junk food —— from fast food?**

A. different B. differ
C. difference D. defer

**Ans B** বিশ্লেষণ Does এর পর verb এর Base form হয়। এবং ভিন্ন হওয়া অর্থে differ (verb) ব্যবহৃত হয়।

**04. She was selected from —— 400 competitors.**

A. among B. near
C. toward D. between

**Ans A** বিশ্লেষণ সাধারণত দুইয়ের অধিক ব্যক্তি/ বস্তুর মধ্যে among বসে। এটি Text Book এর একটি লাইন।

**05. She has been principal of the school — the last five years.**

A. during B. for
C. to D. since

**Ans B** বিশ্লেষণ Point in time এর পূর্বে Since বসে এবং Periods of time এর পূর্বে for বসে।

**06. Choose the correct adverb.**

A. prettily B. pretty
C. prettify D. prettier

**Ans A** বিশ্লেষণ Adjective এর সাথে ly যুক্ত হয়ে Adverb গঠিত হয়। Pretty হচ্ছে Adjective এবং Prettily হচ্ছে Adverb।

**07. What is the antonym of 'ancient'?**

A. contemporary B. archaic
C. historic D. antiquated

**Ans A** বিশ্লেষণ Ancient অর্থ প্রাচীন, contemporary- সমকালীন, Archaic- প্রাচীন, historic- ঐতিহাসিক, Antiquated-প্রাচীন।

**08. What is a synonym of 'animosity'?**

A. harmony B. enmity
C. serenity D. amity

**Ans B** বিশ্লেষণ Animosity অর্থ শত্রুতা, harmony-ঐক্য, enmity-শত্রুতা, amity- বন্ধুত্ব, Serenity- প্রশান্তি

**09. Choose the correct option.**

A. How does the food affect Purnima's lifestyle?
B. How the food affect Purnima's lifestyle?
C. How was the food affect Purnima's lifestyle?
D. How does the food effect Purnima's lifestyle?

**Ans A** বিশ্লেষণ How does এর পরবর্তীতে subject এর পর একটা verb বসবে। আর affect হচ্ছে verb। এবং effect হচ্ছে Noun এটি Text Book এর একটি হুবহু লাইন।

**10. Which word is misspelled?**

A. Receive B. Reciept
C. Recess D. Recent

**Ans B** বিশ্লেষণ Reciept হচ্ছে ভুল বানান। এটির সঠিক হচ্ছে Receipt।

**11. Which of the following sentences has an interjection in it?**
A. Well, it is time to say good bye
B. He studied hard, yet he could not pass the test
C. This is no what I meant
D. Do you know where the playful penguins live?

**Ans A** বিশ্লেষণ এখানে বেশ অর্থে Well ব্যবহৃত হয়েছে। এবং এটি বাক্যে Interjection হিসেবে ব্যবহৃত হয়েছে।

**12. Choose the correct sentence.**
A. I bought two pair of trousers.
B. Can you give me some advices?
C. I read poetry about a horse
D. Hamlet is one of Shakespeare's most famous works.

**Ans D** বিশ্লেষণ Option-a তে two pair এর পরিবর্তে two Pairs হবে। Option-B তে Advice Uncountable Noun। তাই এটির সাথে s/es যুক্ত হবে না। One of এর পর Plural Noun ব্যবহার হয়। সুতরাং Option-D সঠিক।

**13. Choose the correct sentence.**
A. Cycling is a good exercise B. Cycle is a good exercise
C. To Cycle is a good exercise D. To Cycle is good exercise

**Ans A** বিশ্লেষণ এটি বিতর্কিত প্রশ্ন। পরীক্ষক এটার উত্তর কোনটা নিবেন সেটার উপর নির্ভর করছে। Oxford, Cambridge, Collins এ exercise Uncount Noun এবং এর পূর্বে Article বসে না। সেজন্য উত্তর হচ্ছে D । কিন্তু PC Das বলেছেন Exercise count Noun Cycling হচ্ছে to cycle এর চেয়ে বেশি প্রচলিত এবং এটি সরাসরি Dictionary তে পাওয়া যায়। এক্ষেত্রে সঠিক উত্তর হিসেবে Option-A বেশি প্রযোজ্য। কিন্তু D সঠিক হতে পারে।

**14. Identify the figure of speech in 'a terrible beauty is born'**
A. Oxymoron B. Metaphor
C. Irony D. Personification

**Ans A** বিশ্লেষণ পাশাপাশি দুইটি শব্দ বিপরীত অর্থ প্রকাশ করলে সেটি Oxymoron হয়। Terrible ও beauty দুইটি বিপরীত শব্দ।

**15. Identify the type of sentence: In my opinion, Romeo and Juliet by William Shakespeare is a great play.**
A. Imperative B. Declarative
C. Interrogative D. Exclamatory.

**Ans B** বিশ্লেষণ Assertive sentence এর অপরনাম Declarative sentence ও বলা হয়। প্রশ্নোক্ত বাক্যটি দ্বারা বিবৃতিমূলক বোঝানো হয়েছে। যার কারণে এই বাক্যটিকে Declarative sentence বলা হয়।

## সাধারণ জ্ঞান

**01. কোন দেশ প্রথম নারীদের ভোটাধিকার প্রদান করে?**
A. নিউজিল্যান্ড B. অস্ট্রেলিয়া
C. যুক্তরাষ্ট্র D. যুক্তরাজ্য

**Ans A** বিশ্লেষণ বিশ্বের প্রথম দেশ হিসেবে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে নারীর ভোটাধিকার স্বীকৃত হয়। ১৯৯৩ সালে আনুপাতিক আইনে নিউজিল্যান্ড পার্লামেন্টে নারীর ৩০ ভাগ আসন নিশ্চিত করা হয়। যুক্তরাষ্ট্রে মহিলারা ভোটাধিকার লাভ করে ১৯২০ সালে। ১৮৯৯ সাল থেকে ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া নারীদের ভোট দেওয়ার অধিকার দিয়েছে। যদিও কিছু জাতিগত বিধিনিষেধ রয়েছে।

**02. কে বলেছিলেন, "মানুষ জন্মগতভাবে স্বাধীন কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত?**
A. ভ্লাদিমির লেনিন B. জ্যাঁ-জ্যাক রুশো
C. কার্ল মার্কস D. জন লক

**Ans B** বিশ্লেষণ জ্যাঁ-জ্যাক রুশোর মতে "মানুষ জন্মগতভাবে স্বাধীন কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত।

■ **জ্যাঁ-জ্যাক রুশোর কিছু বিখ্যাত উক্তি:**
- শিক্ষাদানের কাজ বাগানের মালির মতো।
- শিক্ষার স্বতঃস্ফূর্ত আত্মবিকাশ হলো শিক্ষা।
- দাসত্বময় শক্তির চেয়ে বিপদসঙ্কুল স্বাধীনতা অনেক ভালো।
- আত্মা কলুষিত হতে থাকলে মন আকারে সরু হতে থাকে।

**03. নিচের কোনটি শেক্সপিয়রের রচনা নয়?**
A. কিং লিয়ার B. টুয়েলফথ নাইট
C. ডক্টর ফাউস্টাস D. দ্য টেম্পেস্ট

**Ans C** বিশ্লেষণ উইলিয়াম শেক্সপিয়র একজন ইংরেজ কবি এবং নাট্যকার। তাঁর উল্লেখযোগ্য রচনার মধ্যে রয়েছে – কিং লিয়ার, ম্যাকবেথ, হ্যামলেট, ওথেলো, টুয়েলফথ নাইট, দ্য পেম্পেস্ট ইত্যাদি। 'ডক্টর ফাউস্টাস' হলো ক্রিস্টোফার মার্লোর লেখা একটি ইংরেজি নাটক।

**04. 'সেপ্টেম্বর অন যশোর রোড', কবিতাটি কে লিখেছেন?**
A. বব ডিলান B. অ্যালেন গিন্সবার্গ
C. জর্জ হ্যারিসন D. বিক্রম শেঠ

**Ans B** বিশ্লেষণ 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটি একটি মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা। এটি রচনা করেছেন যুক্তরাষ্ট্রের নাগরিক অ্যালেন গিন্সবার্গ। কবিতাটি মোট ১৫২ লাইনের।

**05. 'বাংলাদেশ ডেলটা প্ল্যান ২১০০' প্রণয়নে কারিগরি সহায়তা প্রদানকারী দেশ কোনটি?**
A. যুক্তরাজ্য B. চীন
C. নেদারল্যান্ডস D. জার্মানি

**Ans C** বিশ্লেষণ নেদারল্যান্ডসের আদলে গ্রহণ করা শতবর্ষী ডেল্টা প্ল্যান 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' ২০১৮ সালের ৪ সেপ্টেম্বর অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। ডেল্টা প্ল্যানে ছয়টি লক্ষ্য নির্ধারণ করা হয়েছে – বন্যা, নদী ভাঙ্গন, নদী ব্যবস্থাপনা, নগর ও গ্রামে পানি সরবরাহ বর্জ্য ব্যবস্থাপনা, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন। এই মেগা প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদান করেছে নেদারল্যান্ডস।

**06. বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত 'ধীরে বহে মেঘনা' চলচ্চিত্রের পরিচালক কে?**
A. আলমগীর কবির B. খান আতাউর রহমান
C. হুমায়ুন আহমেদ D. সুভাষ দত্ত

**Ans A** বিশ্লেষণ **মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত কিছু চলচ্চিত্র ও পরিচালকের নাম:**
- আবার তোরা মানুষ হ – খান আতাউর রহমান।
- ধীরে বহে মেঘনা – আলমগীর কবির।
- আদম সুরত, মাটির ময়না – তারেক মাসুদ।
- আগুণের পরশমনি, শ্যামল ছায়া – হুমায়ুন আহমেদ।
- হাঙর নদী গ্রেনেড – চাষী নজরুল ইসলাম।

**17. কে বলেছিলেন "বুলেটের চাইতে ব্যালট শক্তিমালী"?**

A. আব্রাহাম লিংকন B. উইনস্টন চার্চিল
C. জন অ্যাডামস D. অং সান সু চি

**Ans A বিশ্লেষণ** বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী – আব্রাহাম লিংকন।

■ **আরও কিছু গুরুত্বপূর্ণ উক্তি নিচে দেওয়া হলো:**

- তোমরা আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদের শিক্ষিত জাতি দেব – নেপোলিয়ন।
- আইন হল পক্ষপাতহীন যুক্তি – এরিস্টটল।
- দেশ ভালো হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভালো হয় – পন্ডিত নেহেরু।

**18. ফ্রম থার্ড ওয়ার্ল্ড টু ফার্স্ট বইটি কে রচনা করেন?**

A. লি কুয়ান ইউ B. এ.পি.জে. আবদুল কালাম
C. মাহাথির মোহাম্মদ D. অমর্ত্য সেন

**Ans A বিশ্লেষণ** "ফ্রম থার্ড ওয়ার্ল্ড টু ফার্স্ট – লি কুয়ান ইউ।

■ **আরো কিছু গ্রন্থের নাম নিচে দেওয়া হলো:**

- ইন্ডিয়া উইনস ফ্রিডম – মাওলানা আবুল কালাম আজাদ।
- মেইন ক্যাম্ফ – এডলফ হিটলার।
- অ্যা প্রমিসড ল্যান্ড – বারাক ওবামা।
- অ্যা লং ওয়াক টু ফ্রিডম, কনভারসেশন উইথ মাইসেল্ফ – নেলসন ম্যান্ডেলা।

**19. শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের স্থপতি কে?**

A. রোহানি বাহারিন B. যাহা হাদিদ
C. জিন গ্যা D. মেরিনা তাবাস্সুম

**Ans A বিশ্লেষণ** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের স্থপতি – রোহানী বাহারিন।

■ **আরো কিছু গুরুত্বপূর্ণ স্থানের স্থপতি:**

- কক্সবাজার আইকনিক রেলস্টেশন – মোহাম্মদ ফয়েজ উল্লাহ।
- মেট্রোরেল – আলী আহসান নিশান।
- জাতীয় সংসদ – লুই আই কান।
- কমলাপুর রেলস্টেশন – বব বুই।

**20. বাংলাদেশের ২১তম জিওগ্রাফিক্যাল ইন্ডিকেটর (জিআই) প্রোডাক্ট কোনটি?**

A. বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগল B. সিলেটের মনিপুরী শাড়ি
C. নাটোরের কাঁচা গোল্লা D. বাংলাদেশের শীতল পাটি

**Ans A বিশ্লেষণ** স্বীকৃতিপ্রাপ্ত ৩২টি GI পণ্য

| ক্রম | GI পণ্যের নাম | সনদ প্রদানের সাল |
|---|---|---|
| ০১ | জামদানি শাড়ী | ১৭ নভেম্বর, ২০১৬ |
| ০২ | ইলিশ মাছ | ১৭ আগস্ট, ২০১৭ |
| ০৩ | চাঁপাইনবাবগঞ্জের ক্ষিরসাপাতি আম | ২৭ জানুয়ারি, ২০১৯ |
| ০৪ | বিজয়পুরের সাদা মাটি | ১৭ জুন, ২০২১ |
| ০৫ | দিনাজপুরের কাটারী ভোগ | ১৭ জুন, ২০২১ |
| ০৬ | বাংলাদেশের কালিজিরা | ১৭ জুন, ২০২১ |
| ০৭ | রংপুরের শতরঞ্জি | ১৭ জুন, ২০২১ |
| ০৮ | রাজশাহী সিল্ক | ১৭ জুন, ২০২১ |
| ০৯ | ঢাকাই মসলিন | ১৭ জুন, ২০২১ |
| ১০ | বাংলাদেশের বাগদা চিংড়ি | ২৪ এপ্রিল, ২০২২ |
| ১১ | রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জের ফজলি আম | ২৫ এপ্রিল, ২০২৩ |
| ১২ | শেরপুরের তুলসীমালা ধান | ১২ জুন, ২০২৩ |
| ১৩ | চাঁপাইনবাগঞ্জের ল্যাংড়া আম | ২৫ জুন, ২০২৩ |
| ১৪ | চাঁপাইনবাবগঞ্জের আশ্বিনা আম | ২৫ জুন, ২০২৩ |
| ১৫ | বগুড়ার দই | ২৫ জুন, ২০২৩ |
| ১৬ | বাংলাদেশের শীতল পাটি | ২০ জুলাই, ২০২৩ |
| ১৭ | নাটোরের কাঁচা গোল্লা | ৮ আগষ্ট, ২০২৩ |
| ১৮ | কুষ্টিয়ার তিলের খাঁজা | ৯ জানুয়ারি ২০২৪ |
| ১৯ | টাঙ্গাইলের চমচম | ৯ জানুয়ারি ২০২৪ |
| ২০ | কুমিল্লার রসমালাই | ৯ জানুয়ারি ২০২৪ |
| ২১ | ব্লাক বেঙ্গল ছাগল | ৯ জানুয়ারি ২০২৪ |
| ২২ | টাঙ্গাইলের চমচম | ৭ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৩ | নরসিংদীর অমৃত সাগর কলা | ৮ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৪ | গোপালগঞ্জের রসগোল্লা | ৮ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৫ | রংপুরের হাঁড়িভাঙ্গা আম | ১১ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৬ | মৌলভীবাজারের আগর | ১১ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৭ | ময়মনসিংহের মুক্তগাছার মণ্ডা | ১১ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৮ | মৌলভীবাজারের আগর আতর | ১২ ফেব্রুয়ারি ২০২৪ |
| ২৯ | যশোরের খেজুরের গুড় | ১৫ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৩০ | রাজশাহীর মিষ্টি পান | ১৫ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৩১ | জামালপুরের নকশিকাঁথা | ১৫ ফেব্রুয়ারি ২০২৪ |
| ৩২ | নরসিংদীর লটকন | ০৯ জুলাই ২০২৪ |

**21. নিচে উল্লেখিত কোন বইটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচনা করেননি?**

A. কারাগারের রোজনামচা B. অসমাপ্ত আত্মজীবনী
C. কারাগারের চিঠি D. আমার দেখা নয়া চীন

**Ans C বিশ্লেষণ** কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী, আমার দেখা নয়া চীন, ৩০৫৩ দিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক রচিত। 'কারাগারের চিঠি' ইমাম ইবনে তাইমিয়্যা (রা.) কর্তৃক রচিত।

**22. 'সার্পেন্ট অব দি নাইল' কে?**

A. ক্লিওপেট্রা B. নেফারতিতি
C. এলিজাভেথ D. হেলেন

**Ans A বিশ্লেষণ** মিশরের ইতিহাস খ্যাত 'টলেমি বংশের' কন্যা সন্তানদের নামের শেষে 'ক্লিওপেট্রা' জুড়ে দেওয়া হত। ইতিহাস বিখ্যাত সে ক্লিওপেট্রার নাম আমরা জানি তিনি হলেন মিশর শাসনকারী টলেমি বংশের শেষ শাসক দ্বাদশ টলেমির কন্যা সপ্তম ক্লিওপেট্রা। তিনি ইতিহাসে 'সার্পেন্ট অব দ্য নেইল' বা 'নীলনদের সর্প' নামে পরিচিত।

**23. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের দৈর্ঘ্য কত?**

A. ৪.০০ কিমি B. ৩.৩২ কিমি
C. ৩.৩৪ কিমি D. ৩.০৪ কিমি

**Ans B বিশ্লেষণ** বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য – ৩.৩২ কিলোমিটার।

■ **বঙ্গবন্ধু টানেল সম্পর্কিত অন্যান্য তথ্য:**

- অবস্থান – পতেঙ্গা ও আনোয়ারা, চট্টগ্রাম।
- উভয় প্রান্তে সংযোগ সড়ক – ৫.৩৫ কিলোমিটার।
- টানেলের প্রস্থ – ১০ মিটার।
- টানেলের সর্বোচ্চ গভীরতা – ১৫০ ফুট।

**24. "এলাম, দেখলাম, জয় করলাম" কথাটি কে বলেছেন?**

A. জুলিয়াস সিজার B. আলেকজান্ডার
C. নেপোলিয়ন D. হো চি মিন

**Ans A** বিশ্লেষণ এলাম, দেখলাম, জয় করলাম (Veni, Vidi, Vici) – জুলিয়াস সিজারের একটি বিখ্যাত উক্তি।

■ **আরো কিছু গুরুত্বপূর্ণ উক্তি:**
- 'এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয় – মুসোলিনি।
- 'জ্ঞানই পূণ্য' – সক্রেটিস।
- 'জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী – রুশো।

**25. স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক কে ছিলেন?**

A. কাজী সালাউদ্দিন B. জাকারিয়া পিন্টু
C. সাইদুর রহমান প্যাটেল D. অমলেস সেন

**Ans B** বিশ্লেষণ ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত অর্জন এবং সাহায্যার্থে একটি ফুটবল দল গঠন করা হয়। দলটি স্বাধীন বাংলা ফুটবল দল নামে পরিচিত। এই দলের অধিনায়ক ছিলেন – জাকারিয়া পিন্টু।

**26. কারা 'বর্গী' নামে পরিচিত?**

A. ইংরেজ B. মারাঠি
C. তামিল D. পর্তুগিজ

**Ans B** বিশ্লেষণ মারাঠারা বর্গী নামে পরিচিত ছিল। পর্তুগিজরা ফিরিঙ্গি নামে, ওলন্দাজরা ডাচ নামে, ডেনিশরা দিনেমার নামে পরিচিত ছিল।

**27. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?**

A. সোনাদিয়া B. কুতুবদিয়া
C. মহেশখালী D. সেন্ট মার্টিন

**Ans C** বিশ্লেষণ বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ – মহেশখালী দ্বীপ।

■ **মহেশখালী দ্বীপ সম্পর্কিত অন্যান্য তথ্য:**
- এই দ্বীপে আদিনাথ মন্দির ও বৌদ্ধ মন্দির রয়েছে।
- এটি একমাত্র ডিজিটাল দ্বীপ।
- এটি কক্সবাজার জেলার চকোরিয়া উপজেলায় অবস্থিত।
- এর আয়তন – ২৬৮ বর্গকি.মি.।

**28. বাংলাদেশে মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম ভাস্কর্যের নাম কী?**

A. অপরাজেয় বাংলা B. সাবাস বাংলাদেশ
C. জাগ্রত চৌরঙ্গী D. পতাকা একাত্তর

**Ans C** বিশ্লেষণ মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত প্রথম ভাস্কর্য জাগ্রত চৌরঙ্গী। এই ভাস্কর্যটির স্থপতি আব্দুর রাজ্জাক। এটি গাজীপুরের জয়দেবপুরের চৌরাস্তায় স্থাপিত।

■ **মুক্তিযুদ্ধভিত্তিক আরও কিছু ভাস্কর্য:**
- মুজিবনগর স্মৃতিসৌধ – তানভীর কবির।
- শহীদ বুদ্ধিবীজী স্মৃতিসৌধ – মোস্তফা হারুন কুদ্দুস হিলি।
- অপরাজেয় বাংলা – সৈয়দ আব্দুল্লাহ খালেদ।

**29. কোন দেশ ২০২৩ সালে প্রেস ফ্রিডম সূচকে সর্বোচ্চ স্কোর করেছে?**

A. নরওয়ে B. সুইডেন
C. ডেনমার্ক D. ফ্রান্স

**Ans A** বিশ্লেষণ প্রেস ফ্রিডম সূচক – ২০২৩ শীর্ষ দেশ নরওয়ে।

■ **অন্যান্য সূচকে শীর্ষ দেশসমূহ নিম্নরূপ:**
- বৈশ্বিক ডিজিটাল জীবনমান সূচক ২০২৩ শীর্ষ দেশ – ফ্রান্স।
- বৈশ্বিক আইনের শাসন সূচক ২০২৩ শীর্ষ দেশ – ডেনমার্ক।
- প্রবাসী আয়ের সূচক ২০২৩ শীর্ষ দেশ – ভারত।
- মানব উন্নয়ন সূচক ২০২৩ শীর্ষ দেশ – সুইজারল্যান্ড।

**30. ২০২৩ সালের জাতিসংঘ ঘোষিত 'বিশ্ব পর্যটন রাজধানী'?**

A. সমরখন্দ B. রোম
C. এথেন্স D. ইস্তানবুল

**Ans A** বিশ্লেষণ ২০২৩ সালে বিশ্ব পর্যটন রাজধানী হিসেবে স্বীকৃতি পায় উজবেকিস্তানের ঐতিহাসিক সমরখন্দ শহর। স্পেনের রাজধানী মাদ্রিদে অনুষ্ঠিত জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) এর ২৪তম সাধারণ অধিবেশনে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

## লিখিত অংশ

### বাংলা

**01. অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**

**যার ভিত্তি পচে গেছে, তাকে একদম উপড়ে ফেলে নতুন করে ভিত্তি না গাঁথলে তার উপর ইমারত যতবার খাড়া করা যাবে, ততবারই তা পড়ে যাবে। দেশের যারা শত্রু, দেশের যা কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা। আমার এমন গুরু নেই, যার খাতিরে সে আগুন সত্যকে অস্বীকার করে কারুর মিথ্যা বা ভণ্ডামিকে প্রশ্রয় দেবে। আমি সে-দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত। আমি কোনো দিনই কারুর বাণীকে বেদবাক্য বলে মেনে নেব না, যদি তার সত্যতা প্রাণে তার সাড়া না দেয়। না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচ জনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোনো দিনই করব না।**

**ক. উপরের অংশটুকু কার লেখা? কোনো রচনার অংশবিশেষ?**

**Solve** উপরের অংশটি কাজী নজরুল ইসলাম রচিত জাতির আত্মজাগরণমূলক প্রবন্ধ 'আমার পথ' থেকে নেওয়া হয়েছে।

**খ. 'আগুনের সম্মার্জনা' বলতে কী বোঝানো হয়েছে?**

**Solve** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক বলেছেন 'দেশের শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা!' তথা আমাদের চারপাশে মিথ্যার যে জাল ছড়িয়ে আছে। যে ব্যক্তিগণ মিথ্যাকে আশ্রয় করে দেশের মহান স্থানে আরোহণ করেন, তাদেরকে দেশের শত্রু ঘোষণা করেছেন। এই মিথ্যাবাদীদের, ভণ্ডদের তিনি আগুনে পুড়ে পরিষ্কার করার কথা বলেছেন।

**গ. ইমারত পড়ে যাওয়ার কথা বলা হয়েছে কেন?**

**Solve** সাম্প্রদায়িকতা ও দাসত্বের উপর ভর করে নির্মিত সমাজ বা রাষ্ট্র ব্যবস্থায় মৌলিক পরিবর্তন সাধন ব্যতীত সে রাষ্ট্রের গঠন ধ্বংস অনিবার্য, ইমারত পড়ে যাওয়া বলতে এটি বোঝানো হয়েছে।

**ঘ. লেখক কোন দাসত্বের কথা বলেছেন?**

**Solve** নিজ সত্য, স্বকীয়তাকে প্রাধান্য না দিয়ে বিনয় প্রদর্শনের উদ্দেশ্যে অন্যের অন্যায় সত্তার অনুগামী মানসিকতাকে লেখক দাসত্ব বলতে চেয়েছেন।

ঙ. এখানে ভণ্ডামি বলতে কী বোঝানো হয়েছে?

**Solve** ভণ্ডামি বলতে অথর্ব মানসিকতাকে নির্দেশ করা হয়েছে। ভুল জেনেও তাকে ঠিক বলে চালিয়ে দেওয়ার কপটতা কিংবা জেদ লেখকের দৃষ্টিতে ভণ্ডামি।

**02. "ধ্বনিটিরে প্রতিধ্বনি সদা ব্যঙ্গ করে, ধ্বনি-কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে।- ভাবটির সম্প্রসারণ কর।**

**Solve** **মূলভাব:** উপকারির উপকারকে অস্বীকার করার মধ্যে রয়েছে জঘন্য হীনম্মন্যতা।

**সম্প্রসারিত ভাব :** ধ্বনি থেকে সৃষ্টি হয় প্রতিধ্বনি। তাই ঋণ স্বীকারের প্রশ্নে প্রতিধ্বনিকে ধ্বনির কাছে কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত। কিন্তু প্রতিধ্বনি তা না করে উল্টো ধ্বনিকে সর্বদা ব্যঙ্গ করে। ধ্বনির এ ধরনের কার্যকলাপের মধ্যে তার অকৃতজ্ঞ চিত্তের প্রকাশ ঘটে। আমাদের সমাজ জীবনেও এক ধরনের সংকীর্ণচিত্ত অকৃতজ্ঞ লোক দেখা যায় যারা কখনোই উপকারির উপকার স্বীকার করে না। বরং পরিহাসের মাধ্যমে নিজেদের হীনম্মন্যতাকেই প্রকাশ করে। অন্যের সাহায্য সহযোগিতা ও দয়া-দাক্ষিণ্যে যদি কারো জীবন বিকশিত ও সাফল্যময় হয়ে ওঠে সেক্ষেত্রে উপকারির সাহায্য-সহযোগিতার স্বীকৃতি প্রদান করা উচিত। কিন্তু উপকার গ্রহণকারী তা না করে উপকারির প্রতি পরিহাস করে নিজের স্বীয় যোগ্যতার প্রমাণ রাখতে চায়। কিন্তু সত্যকে কখনোই গোপন রাখা যায় না। তার আসল পরিচয় একদিন বেরিয়ে পড়ে আত্মগর্বী কৃতজ্ঞতাকে পরিহাস করে। তার নীচতা সহজেই ধরা পড়ে। ধ্বনি ছাড়া প্রতিধ্বনি অস্তিত্বহীন। হীনম্মন্যতাবশত প্রতিধ্বনি যেমন তা অস্বীকার করে, সমাজেও প্রতিধ্বনির মতো সত্য গোপনকারী অকৃতজ্ঞ অনেক লোক রয়েছে। তাদের বিবেক এমনই ভ্রষ্ট যে, সত্য প্রকাশে তারা কুণ্ঠিত। ঋণ স্বীকারে যে অগৌরবের কিছু নেই এ সহজ সত্যটি তারা কখনোই স্বীকার করে না । তারা চায় নিজেকে বড় করে উপস্থাপন করতে ।

**মন্তব্য:** উপকারির উপকারকে অস্বীকার করা হীনম্মন্যতার লক্ষণ। জীবনে উন্নতি ও সাফল্যের মূলে যাদের অবদান রয়েছে, তাদের উপকার স্বীকার করা উচিত ।

**03. সারমর্ম লেখ-**

**বসুমতি, কেন তুমি এতই কৃপণা,**
**কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।**
**দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস-**
**কেন এ মাথার ঘাম পায়েতে বহাস।**
**বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?**
**শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,**
**আমার গৌরব তাহে সমান্যই বাড়ে,**
**তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।**

**Solve** যেকোনো জিনিস কষ্ট করে, শ্রম দিয়ে লাভ করলে তাতে গৌরব ও আত্মতৃপ্তিও দুই-ই পাওয়া যায়। পক্ষান্তরে, যে জিনিস কষ্ট না করে পাওয়া যায়, তা পেয়ে কোন গৌরব নেই, আত্মতৃপ্তিও নেই। তাই কষ্ট করে সব কিছু লাভ করার মধ্যেই প্রকৃত গৌরব নিহিত।

**04. বাংলায় অনুবাদ কর-**

**Tomorrow as yesterday, the fittest will survive in the struggle for existence. But where as in the past selfishness was the measure of fitness, in the future survival will be determined by breath and depth of love. Modern science is teaching as it never was taught before that no one lives himself alone.**

**Solve** অতীতের মতো ভবিষ্যতেও জীবনযুদ্ধে যোগ্যতমরাই টিকে থাকবে। কিন্তু অতীতে যেখানে স্বার্থপরতাই ছিল যোগ্যতার মাপকাঠি, ভবিষ্যতে সেখানে সঠিক মূল্য নির্ধারিত হবে প্রেমের বিস্তৃতি ও গভীরতা দ্বারা। অতীতে না হলেও আধুনিক বিজ্ঞান এই শিক্ষা দেয় যে, কেউই একাকী বসবাস করে না।

## ইংরেজি

**01. Write a paragraph on the importance of good manners.**

**Solve** Good manners and ethics are a product of one's upbringing. No one can teach you how to behave in every situation. It is up to your own conscience to show good behavior towards people. When you put others before yourself, it shows your selfless qualities, and you get genuine good behavior in return. You would be considered a good human being or a good-mannered person if you know how to respect everyone's feelings, are real and genuine, understand the emotions of others, and always have a humble attitude towards everyone around you. It can be seen when a guest visits you — your behavior towards them will be a reflection of your manners. Showing respect and good manners to others does not harm anyone, so be well-mannered always.

**02. Explain the proverb- Where there is a will, there is a way.'**

**Solve** Where there is a will, there's a way' is an old English proverb that emphasizes hard work, determination, and goal. The statement shows us the importance of will power, and the change it brings on an average person's life. It means that if you have will power to achieve something; then nothing can block your path.

**03. Write five meaningful sentences will the following words.**

Spontaneous, Isolation, Resourceful, Adequate, Tolerance.

**Solve** Spontaneous- The audience burst into Spontaneous applause.

Isolation- Many deaf people have feelings of Isolation and loneliness.

Resourceful- He is very clever and endlessly Resourceful.

Adequate- We can not guarantee Adequate supplies of raw materials.

Tolerance- The organization promotes racial Tolerance and unity in diversity.

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা
ইউনিট: বি, সেট-জি

সেশন ২০২৩-২০২৪

**নির্দেশাবলি**

১। প্রশ্নপত্রে ৮০টি প্রশ্ন আছে। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি ভুল উত্তরপত্রের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।
২। পরীক্ষা শেষে উত্তরপত্র (OMR) এর সাথে প্রশ্নপত্র অবশ্যই পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

**উত্তরপত্রের নির্দেশিত স্থানে নিচের বাক্য দুটি লেখ।**

(ক) গোধুলির মেঘ-সীমানায় ধুম্র মৌন সাঁজে।
(খ) The truth will set you free.

## বাংলা

**01. 'কুশল' একটি ——— শব্দ।**

A. যোগরূঢ় B. যৌগিক
C. রূঢ় D. কোনোটি নয়

**Ans C** বিশ্লেষণ প্রত্যয়, উপসর্গ বা সন্ধি সাধিত যেসকল শব্দের ব্যুৎপত্তিগত ও ব্যাবহারিক অর্থের মিল থাকে না তাকে রূঢ় বা রূঢ়ি শব্দ বলে। যেমন–প্রবীণ,তৈল ,হস্তী ,বাঁশি ,সন্দেশ, গবেষণা।

**02. 'ঞ্জ' - যুক্তব্যঞ্জনটি কোন কোন বর্ণযোগে গঠিত?**

A. ঝ + ঞ B. ঞ্ + জ
C. জ + ঞ + ণ D. ঞ + জ + ণ

**Ans B** বিশ্লেষণ 'ঞ্জ' - যুক্তব্যঞ্জনটি হলো-ঞ্ + জ।

**03. জাতিবাচক বিশেষ্য নয় কোনটি?**

A. ফুল B. রাজা
C. শিক্ষক D. ঝাঁক

**Ans D** বিশ্লেষণ জাতিবাচক বিশেষ্য (Common Noun): যে পদ দ্বারা কোন এক জাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়; তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন– মানুষ, গরু, পাখি, গাছ, সাগর, নদী, পর্বত ইত্যাদি। ঝাঁক শব্দটি সমষ্টি বাচক বিশেষ্য।

**04. <u>সুখী হতে চাই বলে</u> সুখ চাই নে। বাক্যটির নিম্নরেখ অংশটুকু হলো-**

A. প্রধান খণ্ডবাক্য B. আশ্রিত খণ্ডবাক্য
C. স্বাধীন খণ্ডবাক্য D. উপরের সবকটি

**Ans B** বিশ্লেষণ একটি প্রধান খণ্ডবাক্যের অধীনে যখন একটি আশ্রিত খণ্ডবাক্য শর্তগতভাবে যুক্ত থাকে তাকে জটিল বাক্য বলে। আশ্রিত খণ্ডবাক্য প্রধান খণ্ডবাক্যের অধীনে থাকে। প্রশ্নেউল্লিখিত 'বাক্যে সুখী হতে চাই বলে' এটি আশ্রিত খণ্ডবাক্য।

**05. 'নেই আঁকড়া' বাগধারাটি দিয়ে বোঝায়–**

A. নিতান্ত দরিদ্র B. মূর্খ
C. একগুঁয়ে স্বভাবের D. অপব্যয়ী

**Ans C** বিশ্লেষণ এটি একটি বাগধারা। এর অর্থ একগুঁয়ে স্বভাবের।

**06. নিচের কোন বাক্যটি অশুদ্ধ?**

A. মৃত্যুতে তিনি যে হাঁফ ছাড়িলেন সেই তাঁর প্রথম অবকাশ।
B. ভরা নদী ক্ষুরধার খরপরশা।
C. পথে প্রান্তরে ছোটায় বহু তুফান।
D. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।

**Ans B** বিশ্লেষণ শুদ্ধ বাক্য হবে- ভরা নদী ক্ষুরধারা
খরপরশা-
কাটিতে কাটিতে ধান এল বরষা ॥
অর্থাৎ কৃষকরূপী মানুষ সোনার ধান রূপ রাশি রাশি ভারা ভারা কর্ম সাধন করে যায়। আর এই কর্ম সাধন করতে করতেই একসময় জীবনের সময় ফুরিয়ে আসে।

**07. 'শাক্ + ভাত' -এর সঠিক সন্ধিজাত শব্দ হলো-**

A. শাকভাত B. শাগভাত
C. শাক্‌ভাত D. শাগ্‌ভাত

**Ans B** বিশ্লেষণ শাক্ + ভাত এর সন্ধিবিচ্ছেদ শাগভাত। এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ।

**08. নিচের কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ নয়?**

A. ভূতপূর্ব B. খেচর
C. বিঘ্নহন্তা D. থরেবিথরে

**Ans D** বিশ্লেষণ ভূতপূর্ব, খেচর, বিঘ্নহন্তা এগুলো তৎপুরুষ সমাসের উদাহরণ। আর থরেবিথরে দ্বন্দ্ব সমাসের উদাহরণ। এর ব্যাসবাক্য থরে ও বিথরে।

**09. 'Jurisprudence' এর বাংলা পারিভাষিক শব্দ হলো-**

A. এখতিয়ার B. বিচার প্রশাসন
C. আইন বিজ্ঞান D. বিচার বিভাগীয় তদন্ত

**Ans C** বিশ্লেষণ 'Jurisprudence' এর বাংলা পারিভাষিক শব্দ হলো-আইন বিজ্ঞান।এখতিয়ার- Jurisdiction, বিচার প্রশাসন- Judicial Administration. বিচার বিভাগীয় তদন্ত-Judicial inquiry.

**10. নিচের কোন বানানটি শুদ্ধ?**

A. ওজস্বী B. সমীচিন
C. ওতোপ্রতো D. ঔষধি

**Ans A** বিশ্লেষণ শুদ্ধ বানানটি হলো-ওজস্বী। এর অর্থ ওজোগুণসম্পন্ন। উদ্দীপনাপূর্ণ। স্ত্রীবাচক-ওজস্বিণী। 'সমীচিন' শব্দের শুদ্ধ বানান-সমীচীন। 'ওতোপ্রতো' এর শুদ্ধ বানান- ওতপ্রোত। 'ঔষধি' শব্দের শুদ্ধ বানান- ওষধি।

**11. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে' – 'বায়ান্নর দিনগুলো' শিরোনামের রচনায় কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?**

A. বঙ্গবন্ধুকে অন্যায়ভাবে জেলে রাখা
B. আওয়ামী লীগ নেতাকর্মীদের গ্রেফতার
C. ভাষা আন্দোলনকারীদের উপর গুলি চালানো
D. নেতা-কর্মীদের উপর অকথ্য নির্যাতন

**Ans C** বিশ্লেষণ 'বায়ান্নর দিনগুলো' রচনায় উল্লেখ আছে- **<u>মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে</u>**। (অর্থাৎ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাষা আন্দোলনকারীদের ওপর গুলি করার হুকুম দিয়ে নুরুল আমিন যে অপরিণামদর্শিতার পরিচয় দিয়েছেন সে প্রসঙ্গে একথা বলেছেন।)

**12. "আশা করি আমাকে দেখিয়া তিনি খুশি হইয়াছিলেন। বোঝা শক্ত, কেননা তিনি বড় চুপচাপ"। –উক্তিটি কোন গল্প থেকে নেয়া?**

A. মাসি-পিসি B. আমার পথ
C. অপরিচিতা D. বিলাসী

**Ans C** বিশ্লেষণ **আশা করি আমাকে দেখিয়া তিনি খুশি হইয়াছিলেন। বোঝা শক্ত, কেননা তিনি বড়োই চুপচাপ। যে দুটি-একটি কথা বলেন যেন তাহাতে পুরা জোর দিয়া বলেন না। (অর্থাৎ** অনুপমকে দেখে শম্ভুনাথ খুশি হয়েছিলেন কি না এটি বোঝা যায়নি। কারণ তিনি বড়ো চুপচাপ ছিলেন।)।

**13. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কার গন্ধে দখিনা সমীর অধীর আকুল?**

A. মাধবী কুঁড়ির B. আমের মুকুলের
C. পুষ্পারতির D. কোনটি নয়

**Ans B** বিশ্লেষণ বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল?
দখিনা সমীর তার গন্ধে গন্ধে হয়েছে কি অধীর আকুল?"
অর্থাৎ বসন্তে বাতাবি নেবুর ফুল ও আমের মুকুলের গন্ধে চারদিক সুরভিত হয়। কবি এ সম্পর্কে উন্মনা বলে কবিভক্তকে জিজ্ঞাসা করেছেন। দখিনা সমীর কীসে অধীর আকুল হয়- বাতাবি নেবুর ফুল ও আমের মুকুলের গন্ধে।

**14. "এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়" – 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লিখিত পঙ্‌ক্তিটির পরের পঙ্‌ক্তি কোনটি?**

A. এ বয়স জানে রক্তদানের পুণ্য। B. এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর।
C. আঠারো বছর বয়সের নেই ভয়। D. আঠারো বছর বয়স জানে না কাঁদা।

**Ans D** বিশ্লেষণ 'এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়'– এর পরের চরণ 'আঠারো বছর বয়স জানে না কাঁদা' (অর্থাৎ এ বয়সের তরুণেরা কখনো মাথানত করে না। শৈশব কৈশোরের কান্না এ বয়সে থাকে না। এ বয়সে মানুষ আত্মপ্রত্যয়ী হয়ে নিজের অধিকার আদায় করে নিতে সচেষ্ট হয়।)

**15. 'সিরাজউদ্দৌলা' নাটকে নৌবে সিং হাজারি কে ছিলেন?**

A. ফরাসি সৈনিক B. সেনাপতি
C. গুপ্তচর D. নবাবের দেহরক্ষী

**Ans C** বিশ্লেষণ 'সিরাজউদ্দৌলা' একটি ঐতিহাসিক নাটক। এই নাটকে উল্লেখযোগ্য চরিত্র নৌবে সিং হাজারি ছিলেন- গুপ্তচর।

**16. "দুনিয়াটা বড় কঠিন পরীক্ষা ক্ষেত্র।" 'লালসালু' উপন্যাসে উক্তিটি করেছেন-**

A. রহিমা B. খালেক ব্যাপারী
C. আমেনা বিবি D. মজিদ

**Ans D** বিশ্লেষণ 'দুনিয়াটা বড় কঠিন পরীক্ষা ক্ষেত্র'-'লালসালু' উপন্যাসে উক্তিটি করেছেন মজিদ। লালসালু উপন্যাসের কেন্দ্রীয় ও প্রধান চরিত্র হলেন মজিদ।

**17. নিচের কোনটি মহাকাব্য নয়?**

A. রামায়ণ B. শ্রীকৃষ্ণকীর্তন
C. মহাভারত D. ইলিয়াড

**Ans B** বিশ্লেষণ 'রামায়ণ' ঋষি বাল্মীকির রচিত প্রাচীন সংস্কৃত মহাকাব্য। 'মহাভারত' কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস রচিত একটি সংস্কৃত ভাষার মহাকাব্য। 'ইলিয়াড' মহাকবি হোমার রচিত একটি গ্রিক মহাকাব্য। 'শ্রীকৃষ্ণকীর্তন' বড়ু চণ্ডীদাসের রচিত একটি মধ্যযুগীয় বাংলা কাব্য। বাংলা ভাষায় আবিষ্কৃত বাংলা সাহিত্যের দ্বিতীয় প্রাচীনতম নিদর্শন।

**18. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?**

A. পুনশ্চ B. বিবিধপ্রসঙ্গ
C. বৌঠাকুরাণীর হাট D. বনফুল

**Ans D** বিশ্লেষণ রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'কবিকাহিনী' (১৮৭৮)। দ্বিতীয় প্রকাশিত কাব্যগ্রন্থ 'বনফুল' (১৮৮০)। রচনার দিকথেকে 'বনফুল' কবিকাহিনীর আগে লেখা। তবে 'বনফুলের' পূর্বে 'কবিকাহিনী' প্রথম মুদ্রিত গ্রন্থাকারে প্রকাশ পায়। সুতরাং অপশনে যেহেতু 'কবিকাহিনী' নেই তাই উত্তর হবে 'বনফুল'।

**19. নিচের কোনটি ব্যতিক্রম?**

A. খেয়া B. হিতকরী
C. শ্যামলী D. আরোগ্য

**Ans B** বিশ্লেষণ 'খেয়া, শ্যামলী, আরোগ্য' অপশনের সবগুলোই রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ। 'হিতকরী'-মীর মোশাররফ হোসেনের রচিত একটি পত্রিকা যা ১৮৯৯ সালে প্রকাশিত হয়।

**20. অগ্নি-বীণা কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
C. বারীন্দ্রকুমার ঘোষ D. রামপ্রসাদ সেন

**Ans C** বিশ্লেষণ কবি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা'। এটি ১৯২২ সালে প্রকাশিত হয়। এতে ১২টি কবিতা আছে। কবি কাজী নজরুল ইসলাম 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করেন।

## ইংরেজি

**Read the passage and answer the questions (21-25):**

Globally, half of students aged between 13 and 15 have experienced peer-to-peer violence such as physical fights or forms of bulling, from their peers in and around school. Students experience other forms of violence at school, such as attacks on classrooms or physical punishment by teachers. About 720 million school-age children live in countries where they are not fully protected by law against forms of physical punishment at school. Education is the key to building peaceful societies, and yet, for millions of children school itself is not safe.

More than one in three students have experienced bullying. About one in three has been involved in physical fights. Around 17 million adolescents in 39 industrialized countries have admitted bullying at school. In 2017, there were 396 documented or verified attacks on schools in Cngo, 26 on schools in South Sudan, 67 attacks in Syria, and 20 attacks in Yemen. While girls and boys are equally at risk of bullying, girls are more likely to become victims of psychological forms of bullying and boys are more at risk of physical violence and threats. Violence involving weapons in schools, such as knives and guns, continues to claim lives. In an increasingly digital world, bullies are disseminating violent, hurtful, and humiliating content with the tap of a key.

**21. Which one will be a suitable title of this passage?**

A. Impacts of Bullying
B. Bullying and Violence
C. Bullying at school
D. Bullying: A Global Phenomena

**Ans D** বিশ্লেষণ পুরো passage জুড়েই স্কুল-পড়ুয়া ছেলে-মেয়েদের ক্ষেত্রে স্কুলে bullying এর শিকার হওয়ার ব্যাপারটি আলোচিত হয়েছে। তাদের সহপাঠী, শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীরা স্কুল এবং স্কুলের আশে-পাশে কীভাবে bullying এর শিকার হয় সেটিই তুলে ধরা হয়েছে বৈশ্বিক পরিসংখ্যানের মাধ্যমে।

**22. Many school-age children have no leal safeguard against punitive measures at school. This statement is-**

A. no stated in the passage B. true
C. false D. partially true

**Ans B** বিশ্লেষণ স্কুলের বয়সী ছেলে-মেয়েদের জন্য শাস্তিমূলক ব্যবস্থার বিরুদ্ধে স্কুলে কোনো আইনি সুরক্ষা নেই। Passage এর প্রথম প্যারার ৬ নম্বর লাইন অনুযায়ী সঠিক উত্তর B।

**23. School bullying is experienced by the students of-**

A. industrialized countries
B. non-industrialized countries
C. semi-industrial countries
D. both industrialized and non-industrialized countries

**Ans D** বিশ্লেষণ Passage এর দ্বিতীয় প্যারার ৩ নম্বর লাইন অনুযায়ী ৩৯টি দেশের শিল্পোন্নত দেশের ১৭ মিলিয়ন কিশোর-কিশোরী স্কুলে Bullying এর শিকার। এর পরেই দেওয়া Congo, South Sudan, Syria, Yemen এসবের মতো দেশগুলোতেও Bullying আছে।

**24. Which one of the following statements is true?**

A. The risk of bullying is gender neutral.
B. Psychological form of bullying is common to girl.
C. Make students are prone to bodily injury.
D. All of the above.

**Ans D** বিশ্লেষণ Passage টি অনুযায়ী Option A, B, C প্রত্যেকটিই সঠিক। ২য় প্যারার ৭ম লাইনে বলা আছে Girls and boys are equally at risk of bullying. তাই অপশন A সঠিক। ৮ নম্বর লাইনে বলা আছে Girls are more likely to become victims of psychological form of bullying and boys are more at risk of physical violence and threats. তাই অপশন B এবং C দুটোও সঠিক।

**25. Technological advancement has intensified bullying. This statements is-**

A. true B. false
C. not stateed in the passage D. partially true

**Ans A** বিশ্লেষণ According to the passage, প্রযুক্তিগত উন্নতি bullying কে বাড়িয়ে দিয়েছে কথাটি সত্য। কারণ Passage টিতে industrialized country এর শিক্ষার্থীদের bullying এর শিকারের কথা বলা হয়েছে। সেই সাথে শেষ লাইনে বলা হয়েছে ডিজিটাল বিশ্বে bullying এর পরিমাণ বিস্তৃত আকার ধারণ করেছে।

■ **Choose the best answer (26-28):**

**26. Robben island was a-**

A. Pleasure island B. Penal island
C. Prohibited island D. Tiny island

**Ans B** বিশ্লেষণ রোবেন দ্বীপ হচ্ছে শাস্তির দ্বীপ অর্থাৎ Penal Island.

**27. The reason of Kalpana Chawla's death was-**

A. Columbia's intact wings B. hot gases
C. Insulating foam D. structural failure

**Ans D** বিশ্লেষণ কাঠামাগত এবং যান্ত্রিক কিছু ত্রুটির কারণে কল্পনা চাওলার মৃত্যু হয়। Structural death- কাঠামোগত ত্রুটি।

**28. 'Inter alia' is used to-**

A. assert something
B. deny something
C. describe things of similar nature
D. express satisfaction

**Ans C** বিশ্লেষণ "Inter Alia" Phrase-টির অর্থ অনুরূপ প্রকৃতির জিনিস বর্ণনা করা অর্থাৎ describe things of similar nature.

**29. Which one of the following is true?**

A. Science does not understand the purpose of sleep
B. Science does not understand the purpose of dream
C. Science understands the purpose of sleep but not of dream
D. Science understands the purpose of both sleep and dream

**Ans B** বিশ্লেষণ সঠিক বাক্য হচ্ছে, 'বিজ্ঞান স্বপ্নের উদ্দেশ্য বুঝতে পারে না। Science does not understand the purpose of dream.

**30. Use the right form of verb: I (speak) him for an hour till his mother (come).**

A. spoke; came B. talk; go
C. had been speaking; came D. had spoken; came

**Ans C** বিশ্লেষণ For এর পর সময় বোঝানো হলে সেই বাক্যটি Present Perfect Continuous tense হয়। এবং বাক্যটি যদি অতীতকালের বোঝায় তাহলে Past Perfect continuous করা যায়।

**31. A 'liberal' person is likely to-**

A. be open to new ideas B. accept different views
C. decipline opposite views D.have a stance against francise

**Ans A** বিশ্লেষণ A liberal (উদার) Person নতুন নতুন ধারণা প্রকাশ করে।

**32. A person officially authorized to mutilate another is known as-**

A. butcher B. surgeon
C. executor D. cutter

**Ans B** বিশ্লেষণ যে ব্যক্তি অন্য এক ব্যক্তিকে বিকৃত করার জন্য অনুমোদিত তাকে এক কথায় Surgeon বলা হয়।

**33. Which pair is synonymous?**

A. accurately - precisely B. duplicate - repeat
C. estimated - projected D. all of the above

**Ans A** বিশ্লেষণ Accurately (সঠিকভাবে) এবং Precisely (অবিকল) এই শব্দটি একে অপরের সমার্থক শব্দ।

**34. Select the strongest match for the word 'meditation'.**

A. self-reflection B. selflessness
C. self-identification D. both A and C

**Ans D** বিশ্লেষণ Meditation-ধ্যান, Self-reflection নিজের প্রতিফলন। Self-identification- আত্মপরিচয়।

**35. Opposite meaning of the word 'confident' is-**

A. poised B. Perplexed
C. composed D. uncontrolled

**Ans B** বিশ্লেষণ Confident শব্দের অর্থ আত্মবিশ্বাসী, যার বিপরীত শব্দ Perplexed (বিভ্রান্ত)

**Fill the blanks (36-39):**

**36. The —— was surrounded by her friends.**

A. groom B. bride
C. boy D. baby

**Ans B** বিশ্লেষণ কনেকে তার বন্ধুরা ঘিরে রেখেছে। অর্থানুসারে এখানে Bride হবে।

**37. "But to go to —— in a summer morn, O it —— all joy away"**

A. street; give B. school; drives
C. field; would take D. home; gives

**Ans B** বিশ্লেষণ এটি Text book এর একটি লাইন। William Blake এর the school boy কবিতার একটি লাইন।